দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN 27 2000 ...
পৃষ্ঠা ... কলাম ...

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বখশিবাজার, ঢাকা-১২১১

নং-পাঠ্য/৬১৬/৩১ তারিখ ঃ ২৪-০১-২০০০

## পাঠ্যপুস্তক সংক্রান্ত বিজ্ঞপ্তি

**এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানান যাচ্ছে যে–**

ক. বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড ১৯৯৯ সালে ইবতেদায়ী প্রথম শ্রেণী হতে পঞ্চম শ্রেণী পর্যন্ত সকল বিষয়ে একটি করে (একক) পাঠ্যপুস্তক প্রচলন করেছে। কিন্তু কিছুসংখ্যক অসৎ পুস্তক ব্যবসায়ী তাদের অসৎ উদ্দেশ্যে বোর্ডের পাঠ্যপুস্তকের পাশাপাশি 'অথবা' দিয়ে অবৈধভাবে অন্য পুস্তকের নাম দিয়ে মাদরাসা বোর্ডের নাম ব্যবহার করে মাদরাসাগুলিতে পাঠ্যতালিকা প্রেরণ করছে। এছাড়াও দাখিল ৬ষ্ঠ শ্রেণী হতে ফাযিল শ্রেণীর জন্যও অনুরূপভাবে "মাদরাসা শিক্ষা বোর্ডের সিলেবাসের আলোকে প্রস্তুত"– কথাটি ছাপিয়ে তাদের মনগড়া পুস্তক ও সিলেবাস মাদরাসাসমূহে প্রেরণপূর্বক বিভ্রান্তির সৃষ্টি করছে। সুতরাং ঐ সমস্ত ভুয়া পাঠ্যপুস্তক ও সিলেবাস অনুসরণ না করে বোর্ড কর্তৃক পকাশিত ও অনুমোদিত পাঠ্যপুস্তক ও সিলেবাস অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

খ. অত্র বোর্ড কর্তৃক প্রকাশিত তৃতীয় শ্রেণীর বাংলা সহজ পাঠ, পরিবেশ পরিচিতি বিজ্ঞান ও পঞ্চম শ্রেণীর পরিবেশ পরিচিতি বিজ্ঞান এই তিনটি পাঠ্যপুস্তক তরঙ্গ পাবলিশার্স, ৩৮/২ নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা-এর নামে ২০০০ ইং সালের জন্য মুদ্রণ অথবা বাজারজাত করার জন্য কোন প্রকার অনুমোদন দেওয়া হয়নি। উক্ত প্রকাশকের নামে উপরে উল্লেখিত তিনটি পাঠ্যপুস্তক বাজারে থাকলে তা অবৈধ এবং জাল পুস্তক হিসেবে বিবেচিত হবে।

এমতাবস্থায় 'তরঙ্গ পাবলিশার্স'-এর নামে প্রকাশিত উক্ত তিনটি পাঠ্যপুস্তক ক্রয় না করার জন্য সকল মাদরাসা প্রধান, ছাত্র-ছাত্রী, অভিভাবক ও লাইব্রেরী কর্তৃপক্ষকে অনুরোধ করা হল। একমাত্র মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক নির্ধারিত নিরাপত্তা কাগজ সম্বলিত পাঠ্যপুস্তকই পাঠ্যভুক্ত করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট মাদরাসার স্বীকৃতি/অনুমতি বাতিল করা হবে। জাল কোন পাঠ্যপুস্তক বাজারে অথবা লাইব্রেরীতে পাওয়া গেলে প্রমাণসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হল।

মুহাম্মদ তমীযুদ্দীন
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
টেলিফোন নম্বর ঃ ৫০২১৬৭

পি-৮২/২০০০